তারিখ ... 10 MAY 2016 ...
পৃষ্ঠা ... ... কলাম ... ... ......

সংবাদ

# শিক্ষকের থাপ্পড়ে কান দিয়ে রক্ত ঝরছে ছাত্রের!

**প্রতিনিধি, উলিপুর (কুড়িগ্রাম)**

উলিপুরে শিক্ষকের থাপ্পড়ে গুরুতর আহত হয়েছে দ্বিতীয় শ্রেণীর এক শিক্ষার্থী। গত দুদিন থেকে আহত শিশুর আঘাত পাওয়া কান দিয়ে রক্তপাত হচ্ছে। অতি দরিদ্র পরিবারের সন্তান গুরুতর আহত ঐ শিশুকে এলাকাবাসীর সহযোগিতায় গতকাল সোমবার উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করা হয়েছে। ঘটনাটি ঘটেছে গত রোববার উপজেলার গুনাইগাছ ইউনিয়নের মহিদেব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে।

জানা গেছে সরকারী বিধি মতে শিশু শিক্ষার্থীদের কোন প্রকার মারপিট বা শারীরিক নির্য়াতন করা সম্পূর্ণ নিষিদ্ধ থাকলেও ঐ বিদ্যালয়ের সহকারী শিক্ষক জাহাঙ্গীর আলম সরকারি বিধি নিষেধ উপেক্ষা করে ঐ বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেণীর ছাত্র আশিকুর রহমানকে স্বজোরে বাম কানে থাপ্পর মারেন। এ অবস্থায় শিশুটির কান দিয়ে রক্তপাত শুরু হলে চিকিৎসার কোন ব্যবস্থা না করে আহত শিশুটিকে লোক মারফতে বাড়িতে পাঠিয়ে দেয়া হয়। শিশুটির পিতা একজন দিনমজুর, সে দিনমজুরে কাজে ঢাকায় অবস্থান করায় অসহায় মাতা চিকিৎসার কোন ব্যবস্থা নিতে পারেনি। এ অবস্থায় শিশুটির অবস্থা অবনতি ঘটলে এলাকাবাসী নির্যাতনের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন করে এবং দ্রুত শিশুটিকে উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করেন। এলাকাবাসীর অভিযোগ রয়েছে ঐ শিক্ষক ইতিপূর্বে এভাবে একাধিক শিশুকে শারীরিক নির্যাতন করেছে। বিদ্যালয়টি নিজ বাড়ি এলাকায় হওয়ায় নির্যাতনকারী ঐ শিক্ষক নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত থাকেন না। এমন কি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফয়জার রহমানকেও তিনি লাঞ্ছিত করেছেন বলে জানা গেছে। জেলা প্রাথমিক সহকারী শিক্ষা অফিসারের এ ধরনের কথাবার্তা হতাশ করেছে এলাকার মানুষকে।